

G4 Ministerial Joint Press Statement

September 22, 2021

জি4 মন্ত্রীপর্যায়ের যৌথ প্রেস বিবৃতি

সেপ্টেম্বর 22, 2021

1. 22 শে সেপ্টেম্বর 2021 -এ নিউ ইয়র্কে রাষ্ট্রপুঞ্জের 76 তম সাধারণ অধিবেশন চলাকালীন জি4 -এর বিদেশমন্ত্রী গণ যথাক্রমে ব্রাজিলের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার আলবার্তো ফ্র্যাঙ্কো ফ্রাঙ্কা, জার্মানির ফেডারেল বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার হেইকো মাস, ভারতের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ সুব্রাহ্মনিয়াম জয়শংকর এবং জাপানের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার মোতেগি তোসিমিৎসু মিলিত হয়েছেন। মন্ত্রীগণ বিকাশশীল এবং মুখ্য অবদানকারী দেশগুলি সহ সমসাময়িক বিশ্বের বাস্তব অবস্থাকে প্রতিফলিত করে নিরাপত্তা পরিষদকে আরও বোইধ, কার্যকর এবং প্রতিনিধিত্বশীল করার জন্য সংস্কারের জরুরীতার উপরে রেখাপাত করেন।

2. জি4 মন্ত্রীগণ, রাষ্ট্রপুঞ্জের সাধারণ অধিবেশনের 75 তম অধিবেশনের কাজকর্মের পর্যালোচনা করেন এবং স্বাগত জানান যে, রাষ্ট্রপুঞ্জের 75 বর্ষ উদযাপনের (A/RES/75/1) স্মারক ঘোষণাপত্রে যেমনটি উল্লেখ করা হয়েছে যে, " নিরাপত্তা পরিষদের সংস্কারের আলোচনায় ধীরে ধীরে নতুন প্রাণ সঞ্চার করার জন্য" সকল রাষ্ট্র প্রধান এবং সরকার প্রতিশ্রুতি বদ্ধ , 75/ 569 -এর সেই সিদ্ধান্ত অধিবেশনে প্রতিফলিত হয়েছে । এই প্রেক্ষাপটে, মন্ত্রীরা জাতিসংঘের মহাসচিবকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের প্রস্তুতিকেও স্বাগত জানিয়েছেন, যেমনটি 10 সেপ্টেম্বর 2021 এর "আমাদের অভিন্ন এজেন্ডা" প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে। মন্ত্রীরা আরও স্বাগত জানান যে, আন্তর্জাতিক সরকার আলোচনার কো-চেয়ারম্যানদের (আইজিএন) দ্বারা প্রস্তুত এলিমেন্টস পেপার সদস্য রাষ্ট্রের অবস্থান ও প্রস্তাবের আংশিক গুণাবলীর সাথে প্রকাশিত হয়েছে।

3. জি 4 মন্ত্রীরা আইজিএন-এতে অনতিবিলম্বে একক নথির ভিত্তিতে সাধারণ পরিষদে এটি গ্রহণের লক্ষ্যে, পার্ঠ্যভিত্তিক আলোচনার জন্য কাজ করার ক্ষেত্রে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। মন্ত্রীরা এই লক্ষ্যে, রাষ্ট্রপুঞ্জে তাদের প্রতিনিধিদলকে 76 তম সাধারণ পরিষদের সভাপতি এবং আইজিএন -এর চেয়ারম্যানের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য এবং গৃহীত সিদ্ধান্তের একটি খসড়া তৈরি করার ক্ষেত্রে একটি একক পার্ঠ্যকে একটি ভিত্তি হিসাবে বিকাশের উপায়গুলি চিহ্নিত করার জন্য নির্দেশ দিয়েছেন । মন্ত্রীরা একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সুনির্দিষ্ট ফলাফল পেতে অন্যান্য সংস্কার-মানসিকতার দেশ এবং গোষ্ঠী সহ সকল আগ্রহী সদস্য রাষ্ট্রের সাথে আলোচনাকে আরও তীব্র করার সিদ্ধান্ত নিয়েছেন।

4. জি4 মন্ত্রীরা পুনরায় নিশ্চিত করেছেন যে, আন্তর্জাতিক শান্তি এবং সুরক্ষা বজায় রাখার ক্ষেত্রে

চিরজটিল এবং উদ্ভূত প্রতিবন্ধকতার কে আরও ভালোভাবে সামলাবার জন্য নিরাপত্তা পরিষদকে সক্ষম করার ক্ষেত্রে, অপরিহার্য হল উভয় প্রকারের স্থায়ী এবং অস্থায়ী পদগুলিকে বর্ধিত করণের মাধ্যমে নিরাপত্তা পরিষদের সংস্কার কাজটি করা এবং এর মাধ্যমে তাদের দায়িত্ব আরও কার্যকররূপে পালন করা। এই পরিপ্রেক্ষিতে মন্ত্রীরা, এজুলউইনি সম্মতিপত্রে এবং সিরতে ঘোষণাপত্রে নিহিত কমন আফ্রিকান পজিশন (সিএপি) কে তাদের দৃঢ় সমর্থন করার কথা ব্যক্ত করেছেন।

5. জি4 মন্ত্রীরা, সংস্কার কৃত নিরাপত্তা পরিষদে নতুন স্থায়ী পদপ্রার্থী হিসেবে তাদের একে অপরের প্রার্থীদের সমর্থন করার কথা পুনরায় ব্যক্ত করেছেন। এই পরিপ্রেক্ষিতে মন্ত্রীরা,

নিউ ইয়র্ক

সেপ্টেম্বর 22, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.